গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৬.১৯-৪৪১

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

**বিষয়: আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়।**

সূত্র: ১. জেলা পরিষদ, চট্টগ্রাম এর স্মারক নং-৪৬.৪২.১৫০০.০০১.৫৬.০০১.২৩-৫০৬৮, তারিখ: ১৮/১২/২০২৩।
২. অর্থ বিভাগের স্মারক- ০৭.০০.০০০০.১২৯.০০.০০২.২৩-৩১, তারিখ: ২০/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলা পরিষদের আউটসোর্সিং প্রক্রিয়ায় ৩৫টি সেবা ক্রয়ের অনুমতি প্রদানের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছিল। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে উক্ত সেবাসমূহের মধ্যে ২০টি সেবা ক্রয়ের সম্মতি প্রদান করেন।

২। এমতাবস্থায়, চট্টগ্রাম জেলা পরিষদের আউটসোর্সিং প্রক্রিয়ায় নিম্নবর্ণিত ২০টি সেবা ক্রয়ে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

| ক্রম | প্রস্তাবিত সেবার নাম | ক্যাটাগরি | অর্থ বিভাগের সম্মতিকৃত পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) | ৫ | ০৮ | নিরাপত্তা প্রহরী অঙ্গীভূত (Embodied) আনসার সদস্যদের মাধ্যমে সেবা ক্রয় করতে হবে। |
| ২. | ক্লিনার (পরিচ্ছন্নতা কর্মী) | ৫ | ০২ | |
| ৩. | গার্ডেনার (বাগানকর্মী) | ৪ | ০১ | |
| ৪. | ইলেকট্রিশিয়ান | ১ | ০১ | |
| ৫. | বাবুর্চি (কুক) | ৪ | ০১ | |
| ৬. | মশালচি | ৫ | ০১ | |
| ৭. | গেষ্ট হাউজ এটেনডেন্ট | ৫ | ০১ | |
| ৮. | কেয়ারটেকার | ১ | ০১ | |
| ৯. | লিফট্‌ম্যান | ৫ | ০১ | |
| ১০. | পাম্প অপারেটর | ২ | ০১ | |
| ১১. | ম্যাসেঞ্জার | ৫ | ০১ | |
| ১২. | প্লাম্বার মিস্ত্রি | ১ | ০১ | |
| | | মোট= | ২০(বিশ)টি | |

**শর্তাবলী:**

(ক) উল্লিখিত ২০(বিশ) টি সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণ করতে হবে;

(খ) চট্টগ্রাম জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে উক্ত ২০টি সেবা ক্রয়ের ব্যয় নির্বাহ করতে হবে। এ জন্য অর্থ বিভাগ হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;

(গ) সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ এবং অর্থ বিভাগের ১০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের ২৫৯নং পরিপত্র অনুসরণ করতে হবে;

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০১/০১/২০১৭ তারিখের ০১নং স্মারকে বিভিন্ন সংস্থায় নিয়োজিত অঙ্গীভূত আনসারদের জন্য দৈনিক ভাতার ধার্যকৃত মূল্য অনুযায়ী অঙ্গীভূত (Embodied) আনসার সদস্যগণ মাসিক ভাতা প্রাপ্য হবেন; এবং

(ঙ) এ বিষয়ে প্রচলিত অন্যান্য বিধি বিধান, নিয়মাবলী ও আনুষ্ঠানিকতা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৮/৪/২০২৪

মাহবুবা আইরিন
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল-lgzp@lgd.gov.bd

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৬.১৯-৪৪১

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

8/4/2024

মাহবুবা আইরিন
উপসচিব